

সূত্র নং- বিএসইসি/ মুখপত্র/০২/২০২৪/৭২

তারিখ: ১০ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ

২৫ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: 'Developing the Mutual fund Industry in Bangladesh' শীর্ষক সভা প্রসঙ্গে।

অদ্য ২৫ নভেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (BSEC) এর উদ্যোগে এবং পূঁজিবাজারে কর্মরত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহের শীর্ষ প্রতিনিধিদের অংশগ্রহণে 'Developing the Mutual fund Industry in Bangladesh' শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি ভবনে অনুষ্ঠিত উক্ত সভায় বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সভাপতিত্ব করেন। উক্ত সভায় বিএসইসি'র কমিশনার জনাব মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার জনাব মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার জনাব ফারজানা লালারুখ, বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ এবং দেশের পূঁজিবাজারের কর্মরত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালক (MD) ও প্রধান নির্বাহী কর্মকর্তা (CEO) তথা শীর্ষ প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত সভার সভাপতির বক্তব্যে বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ সভায় অংশগ্রহণকারী সকলকে আন্তরিক ধন্যবাদ ও শুভেচ্ছা জানান। তিনি দেশের পূঁজিবাজারে মিউচুয়াল ফান্ড খাতের গুরুত্বের কথা উল্লেখ করে বলেন, "মিউচুয়াল ফান্ড খাত পূঁজিবাজারের সম্মুখভাগে থাকা উচিত কারণ এটি পূঁজিবাজারের সাধারণ বিনিয়োগকারীদের জন্য ভালো বিকল্প হিসেবে কাজ করে। মিউচুয়াল ফান্ডের বিনিয়োগ দক্ষ ও অভিজ্ঞ ফান্ড ম্যানেজারদের মাধ্যমে পূঁজিবাজারে আসে; যার ফলে বিনিয়োগকারীদের বিনিয়োগ লাভজনক হওয়ার সম্ভবনা বৃদ্ধি পাওয়ার পাশাপাশি তাদের বিনিয়োগ অধিক সুরক্ষা পায়। দেশের মিউচুয়াল ফান্ড খাতকে যথাযথভাবে গঠন করতে না পারলে দেশের পূঁজিবাজার আগামীতে সামনে আগাতে পারবে না। পূঁজিবাজার ও মিউচুয়াল ফান্ড খাতের সমস্যা ও প্রতিবন্ধকতাসমূহ দূর করতে এবং এক্ষেত্রে টেকসই সমাধান ও উন্নয়নের লক্ষ্যে বিএসইসি কাজ করছে।" অনুষ্ঠিত আলোচনা সভায় অনেক গুরুত্বপূর্ণ মতামত ও প্রস্তাবনা উঠে এসেছে এবং বিএসইসি মিউচুয়াল ফান্ড খাতের উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সবধরনের সহায়তা দিতে ইচ্ছুক বলে উল্লেখ করেন তিনি। এছাড়াও দেশের মিউচুয়াল ফান্ড খাতের প্রতিষ্ঠানগুলোকে নিজেদের অ্যাসোসিয়েশনের মাধ্যমে সংঘবদ্ধভাবে কাজ করার উপর খাত সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করেন তিনি। তিনি পূঁজিবাজারে মিউচুয়াল ফান্ড খাতের সংস্কার ও উন্নয়নের জন্য সংশ্লিষ্ট সকলকে একসাথে একযোগে একই লক্ষ্যে বিশ্বাসের সাথে কাজ করে যাওয়ার আহ্বান জানান। সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও ইচ্ছার মাধ্যমে আগামীতে দেশে মিউচুয়াল ফান্ড খাতের উজ্জ্বল ভবিষ্যত গড়ে উঠবে বলেই তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। পূঁজিবাজারের সংস্কারে বিএসইসি'র গঠিত টাস্কফোর্স 'ফোকাস গ্রুপ' করার মাধ্যমে বাজার সংশ্লিষ্টদের অন্তর্ভুক্ত করে আরো বৃহৎ পরিসরে কাজ করা শুরু করেছে এবং ইতোমধ্যে বাজার সংশ্লিষ্ট অনেকে এর সাথে যুক্ত হয়েছেন ও আগামীতে আরো অনেকে যুক্ত হবেন বলে উল্লেখ করেন তিনি।

সভায় পূঁজিবাজারে কর্মরত অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিসমূহের শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পূঁজিবাজারের মিউচুয়াল ফান্ড খাতের বর্তমান পরিস্থিতি ও সংস্কারসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয় নিয়ে তাদের মতামত ও প্রস্তাবনা তুলে ধরেন। স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি এবং সুশাসন নিশ্চিতের মাধ্যমে মিউচুয়াল ফান্ড খাতের প্রতি বিনিয়োগকারীদের আস্থা বৃদ্ধির বিষয়টি অনুষ্ঠিত সভায় বিশেষ গুরুত্ব পায়। সভায় অন্যান্যের মধ্যে মিউচুয়াল ফান্ড খাতে বিনিয়োগ প্রক্রিয়া সহজীকরণ, পূঁজিবাজারের বিদ্যমান বিভিন্ন রুলস ও রেগুলেশনের প্রয়োজনীয় সংস্কার আনয়ন ও যুগোপযোগীকরণ, বহুজাতিক কোম্পানিসহ ভালো মৌলভিত্তিসম্পন্ন কোম্পানির পূঁজিবাজারে তালিকাভুক্তির উদ্যোগ গ্রহণ, পূঁজিবাজারকে বিনিয়োগবান্ধব করতে বিভিন্ন ধরনের সুযোগ-সুবিধা বৃদ্ধি, মিউচুয়াল ফান্ড খাতে সংশ্লিষ্ট করের ক্ষেত্রে সংস্কার আনয়ন, বিনিয়োগ শিক্ষার মাধ্যমে মিউচুয়াল ফান্ড প্রসারে উদ্যোগ গ্রহণ, বিদেশী বিনিয়োগকারীদের বিনিয়োগে আকৃষ্টকরণের জন্য তাদের মুনাফা এবং মূলধনী লাভসহ বিনিয়োগের প্রত্যাশন সহজীকরণ, মিউচুয়াল ফান্ড খাতের প্রচার বৃদ্ধির মাধ্যমে এই খাতের জনপ্রিয়তা বৃদ্ধি, প্রশিক্ষণসহ প্রয়োজনীয় উদ্যোগের মাধ্যমে এই খাত সংশ্লিষ্টদের দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি, পূঁজিবাজারের মিউচুয়াল ফান্ড খাতের জন্য নীতিসহায়তা প্রদান এবং নীতি সম্পূর্ণ সংস্কারের জন্য সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান ও সংস্থার (বিশেষত বাংলাদেশ ব্যাংক, এনবিআর, বিএসইসি) সমন্বিত উদ্যোগ ও পদক্ষেপ গ্রহণ, বিনিয়োগকারীদের সচেতনতা ও আস্থা বৃদ্ধিতে উদ্যোগ গ্রহণ ইত্যাদি প্রস্তাবনা উত্থাপন করা হয়।

সভায় দেশের পূঁজিবাজারে মিউচুয়াল ফান্ড খাতের শীর্ষ প্রতিনিধিবৃন্দ দেশের পূঁজিবাজারের উন্নয়নে একসাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন। একইসাথে তারা পূঁজিবাজারের বিদ্যমান সংকটসমূহ নিরসনে ও সংস্কারের প্রক্রিয়ায় বিএসইসি'র গৃহীত উদ্যোগসমূহের প্রশংসা করেন এবং সাধুবাদ জানান। সর্বোপরি, আগামীতে দেশের মিউচুয়াল ফান্ড খাতের জনপ্রিয়তা বৃদ্ধি পাবে এবং এই খাতের টেকসই সংস্কার ও উন্নয়নের ফলশ্রুতিতে পূঁজিবাজারের সামগ্রিক উন্নয়ন ও প্রবৃদ্ধি নিশ্চিত হবে বলে সভায় উপস্থিত সকলের প্রত্যাশা ব্যক্ত করেন।



মো. মোহাইমিনুল হক
জনসংযোগ কর্মকর্তা ও
মুখপত্র (অতিরিক্ত দায়িত্ব)

